

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
ওয়েজ আর্নাস কল্যাণ বোর্ড  
প্রবাসী কল্যাণ ভবন, রমনা, ঢাকা-১০০০  
[www.wewb.gov.bd](http://www.wewb.gov.bd)

নং-৪৯.০৪.০০০০.০০৪.১৮.১১৬.১৮-৩৬৩-৩৭৮

তারিখ: ২৪ জানুয়ারি ২০১৯

- বিষয় : ওয়েজ আর্নাস কল্যাণ বোর্ডের ডিসেম্বর ২০১৮ মাসের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী।
- সভাপতি : গাজী মোহাম্মদ জুলহাস এনডিসি  
মহাপরিচালক (অতিরিক্ত সচিব), ওয়েজ আর্নাস কল্যাণ বোর্ড।
- স্থান : ওয়েজ আর্নাস কল্যাণ বোর্ড এর সম্মেলন কক্ষ।
- তারিখ ও সময় : ০৮ জানুয়ারি ২০১৯, সময় : সকাল- ১০.০০ টা।
- উপস্থিতি : পরিশিষ্ট “ক”।

সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর, সভাপতির অনুমতিক্রমে পরিচালক (অর্থ ও কল্যাণ) গত সভার কার্যবিবরণী সভায় উপস্থাপন করেন এবং তা সঠিকভাবে লিপিবদ্ধ হওয়ায় দৃষ্টিকরণ করা হয়। বিগত সভার সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি নিয়ে আলোচনা হয় এবং বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয় :

ক্রম	বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্মকর্তা
১.০	আর্থিক অনুদান ও ক্ষতিপূরণ সংক্রান্ত নির্ধারিত “ছক” এ প্রদত্ত তথ্যের উপর আলোচনা।	(ক) প্রবাসী কর্মীর পরিবারকে ওয়েজ আর্নাস কল্যাণ বোর্ড হতে আর্থিক অনুদান ও বিদেশস্থ নিয়োগকর্তার নিকট হতে প্রদত্ত মৃত্যুজনিত ক্ষতিপূরণ, বকেয়া বেতন ও অন্যান্য পাওনাদি বিতরণ সংক্রান্ত নির্ধারিত “ছক” অনুযায়ী বিগত ডিসেম্বর ২০১৮ মাসের প্রাপ্ত তথ্যের উপর বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে প্রাপ্ত কেইসের চেয়ে নিষ্পত্তির পরিমাণ আরো বৃদ্ধি করার বিষয়ে গুরুত্বারোপ করেন।	প্রাপ্ত কেইসের চেয়ে নিষ্পত্তির পরিমাণ আরো বৃদ্ধি করতে হবে।	পরিচালক (অর্থ ও কল্যাণ) ও পরিচালক (আইআরপি)
২.০	মৃতের পরিবারের অনুকূলে মঞ্জুরীকৃত অর্থ ইএফটি (EFT) এর মাধ্যমে প্রদান।	(ক) বিগত সভার সিদ্ধান্ত মোতাবেক ইএফটি (EFT) কার্যক্রম চালু করার জন্য মৃতের পরিবারের অনুকূলে প্রদত্ত চাহিদা পত্রে ব্যাংক হিসাব নম্বর ও সংশ্লিষ্ট ব্যাংক শাখার রাউটিং নম্বর সংযোজনের বিষয়ে নিশ্চিত হওয়ার বিষয়ে আলোচনা হয়।	(ক) মৃতের পরিবারের অনুকূলে মঞ্জুরীকৃত অর্থ ইএফটি (EFT) এর মাধ্যমে প্রদানের নিমিত্ত মৃতের পরিবারের অনুকূলে প্রদত্ত চাহিদা পত্রে ব্যাংক হিসাব নম্বর ও সংশ্লিষ্ট ব্যাংক শাখার রাউটিং নম্বর সংযোজনের বিষয়ে নিশ্চিত হতে হবে।	পরিচালক (আইআরপি) ও সিস্টেম এ্যানালিস্ট
		(খ) মহাপরিচালক মৃতের পরিবারের অনুকূলে মঞ্জুরীকৃত অর্থ ইএফটি (EFT) এর মাধ্যমে সরাসরি প্রদানের নিমিত্ত আরো অধিকতর স্বচ্ছতা আনয়নের লক্ষ্যে করণীয় বিষয়ে জানতে চাইলে সিস্টেম এ্যানালিস্ট বলেন, অত্র দপ্তর হতে ইআরপির মাধ্যমে নথি অনুমোদনের সময়ে মৃতের পরিবারের মোবাইলে ১টি মেসেজ ও চেক প্রস্তুত/ ব্যাংকে এ্যাডভাইজ প্রেরণকালীন ১টি মেসেজ অর্থাৎ পর পর ২(দুই) টি মেসেজ	(খ) মৃতের পরিবারের অনুকূলে মঞ্জুরীকৃত অর্থ ইএফটি (EFT) এর মাধ্যমে সরাসরি প্রদানের নিমিত্ত আরো অধিকতর স্বচ্ছতা আনয়নের লক্ষ্যে মৃতের পরিবারের মোবাইলে মেসেজ প্রেরণ ও ব্যাংক হতে ইএফটি’র মাধ্যমে অর্থ প্রেরণ সংক্রান্ত মেসেজ এবং প্রতি মাসে ব্যাংক হতে আর্থিক অনুদান প্রদান	পরিচালক (আইআরপি) ও সিস্টেম এ্যানালিস্ট

